চুয়াডাঙ্গায় বাঁধন সংগঠনের ২৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

“রক্তদানে সাতাশে বাঁধন, স্বপ্ন জয় করবে সাধন” প্রতিপাদ্যে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, পদ্মা জোন এ রক্তদাতাদের সংগঠন ‘বাঁধন’ এর ২৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল দশটাই বাঁধন সংগঠনের ২৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট পদ্মা জোন এর পক্ষ থেকে চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়।

র্যালিটি চুয়াডাঙ্গা সরকারি কলেজ থেকে কোর্ট মোড় ঘুরে আবার চুয়াডাঙ্গা সরকারি কলেজে এসে শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভা, কেক কাটা ও বৃক্ষরোপণ কর্মসূচিতে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, পদ্মা জোন এর সভাপতি আমিনুল ইসলামের সভাপতিত্বে পুরো আয়োজন জুড়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ,কে,এম সাইফুর রশীদ।

এ সময় প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন, বাঁধন সংগঠন একটি সেচ্ছাসেবী, অরাজনৈতিক, অসাম্প্রদায়িক ও জনকল্যাণমূলক রক্তদাতাদের একটি সংগঠন। বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, পদ্মা জোন যেদিন থেকে কার্যক্রম শুরু করছে সেদিন থেকেই চুয়াডাঙ্গার মানুষের আর রক্ত নিয়ে চিন্তা করতে হয় না। চুয়াডাঙ্গার মানুষের আস্থার সংগঠন হয়ে উঠেছে বাঁধন সংগঠন। বিনা স্বার্থে মানুষের উপকারে কাজ করে যাচ্ছে চুয়াডাঙ্গা সরকারি কলেজের একঝাঁক সেচ্ছাসেবক। এ সময় বাঁধন সংগঠনের প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে সকল রক্তদাতা সেচ্ছাসেবকদের ও নতুন কর্মীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

উল্লেখ্য, “একের রক্ত অন্যের জীবন, রক্তই হোক আত্মার বাঁধন” স্লোগান নিয়ে বাঁধন সংগঠন ১৯৯৭ সালের ২৪ অক্টোবরে বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ হল থেকে যাত্রা শুরু করে। বর্তমানে দেশের ৫৪টি জেলায় ৮২টি শিক্ষাপ্রতিষ্ঠান রক্তদাতাদের বাঁধন সেচ্ছাসেবী সংগঠন তাদের কার্যক্রম চালিয়ে

যাচ্ছে।

২০২৪ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটে ৪২৭ ব্যাগ রক্তের চাহিদায় তারা ৪০০ ব্যাগ রক্ত বিভিন্ন সময়ে বিভিন্ন রোগীদের ম্যানেজ করে দিয়েছে এবং ফ্রী রক্তের গ্রুপ নির্ণয় করেছেন ১২০০ জনের।

২৭ বছর পূর্তির আয়োজনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধাক্ষ্য প্রফেসর ফারজানা কেতকী, শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট এর শিক্ষক উপদেষ্টা সফিকুল ইসলাম, মতিউর রহমান, আবু বকর ছিদ্দিক, দেলোয়ার হোসেন, হাফিজুর রহমান, মাসুম হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন ছাত্র উপদেষ্টা সাজেদুর রহমান, ইব্রাহিম হোসেন, তৌফিক শুভ, সজিবুল ইসলাম, সুজাউদ্দীন টুটুল, হাফিজুর রহমান, অনামিকা জোয়ার্দ্দার, বাঁধন পদ্মা জোনাল পরিষদের সভাপতি আজিজুর রহমান, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের সাধারণ সম্পাদক ও অনুষ্ঠানের সঞ্চালক মিকাইল হোসেন, সাকিব বিশ্বাস, সামিউল, হাসিবুল, রাসেল,মর্তুজা,রিমা,মুসলিমা, রাজীব,আশিক,মনিরুল, অপূর্ব সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের রোভার স্কাউটস ও বিএনসিসি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।